



চুয়াডাঙ্গা পৌরসভা

চুয়াডাঙ্গা



প্রিয় পৌরবাসী,
আসসালামু আলাইকুম।

করোনা ভাইরাস প্রতিরোধ সম্পর্কিত গণবিজ্ঞপ্তি

করোনা এক ধরণের সংক্রামক ভাইরাস। ইহা প্রতিরোধ যোগ্য। কাজেই আতংকিত হওয়ার কিছু নেই। পৃথিবীর অধিকাংশ দেশে বর্তমানে কোভিড-১৯ (মার্স ও সার্স সমগোত্রীয় করোনা ভাইরাস) এর সংক্রামণ দেখা যাচ্ছে। আপনি যদি কোন দেশ থেকে ভ্রমণ করে এসে থাকেন তাহলে সরকারী নির্দেশনা মোতাবেক ১৪ দিন হোম কোয়ারেন্টাইনে থাকার জন্য বিশেষ ভাবে অনুরোধ করা হলো। অর্থাৎ আপনার নিজ বাড়ীর একটি কক্ষে ১৪ দিন পর্যন্ত অবস্থান করবেন। এর মধ্যে পরিবারের সদস্যদের সংস্পর্শও আসা যাবে না। এই সরকারী নির্দেশনা অমান্যকারীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। প্রিয় পৌরবাসী আপনাদের সু-স্বাস্থ্য এবং করোনা সংক্রামক ভাইরাস থেকে মুক্ত থাকার জন্য মহান আল্লাহ্ তালার নিকট দোয়া কামনা করছি।

প্রতিরোধের উপায়ঃ-

- করমর্দন ও কোলাকুলি থেকে বিরত থাকা।
- ২৮/০২/২০২০ইং তারিখ হতে বিদেশ ফেরত কোন ব্যক্তির (হোম কোয়ারেন্টাইন কালিন সময় অর্থাৎ ১৪ দিন পর্যন্ত) সংস্পর্শ না যাওয়া।
- প্রয়োজন ব্যতিত ঘরের বাহিরে বের না হওয়া। জনবহুল স্থান, সভা-সমাবেশ এবং সামাজিক অনুষ্ঠান পরিহার করা।
- বার বার সাবান পানি দিয়ে হাত ধোয়া।
- হাত না ধুয়ে চোখ, মুখ ও নাক স্পর্শ না করা।
- হাঁচি-কাশি দেয়ার সময় মুখ ঢেকে রাখা।
- পরিবারের সকল সদস্যদের পরিষ্কার-পরিচ্ছন্নতার বিষয়ে সচেতন করা।
- নিজ ঘর এবং বাড়ীর আঙ্গিনা পরিষ্কার-পরিচ্ছন্ন রাখা।



আপনাদের মধ্যে যে কারো জ্বর (১০০° ফারেনহাইট/৩৮° সেন্টিগ্রেড এর বেশী), গলাব্যথা, কাশি ও শ্বাসকষ্ট দেখা দিলে আপনার দেহে কোভিড-১৯ ভাইরাস সংক্রামণের সম্ভাবনা থাকতে পারে। সেক্ষেত্রে আপনি অতিসত্ত্বর সরকারী স্বাস্থ্য কেন্দ্রে যোগাযোগ করুন।

প্রয়োজনে আইইডিসিআর- এর নিশ্চুক্ত হটলাইন নম্বরে যোগাযোগ করুনঃ
01937-110011, 01937-000011, 01927-711784, 01927-711785

অথবা

চুয়াডাঙ্গা পৌরসভার স্বাস্থ্য বিভাগের হটলাইন নম্বরে যোগাযোগ করুন
তাহারা আপনাদের পরামর্শ প্রদান করবেন ঃ- ০১৭১৭-৪০৫২৬৪, ০১৭৯৮-৮৮৯১১৫

প্রিয় পৌরবাসী, আতংকিত না হয়ে প্রয়োজনের অতিরিক্ত খাদ্য সামগ্রী ক্রয় না করা এবং পাশা-পাশি বিক্রেতাদের অতিরিক্ত মুনাফায় পণ্য সামগ্রী বিক্রয় না করার জন্য অনুরোধ করা হলো।

জনস্বার্থেঃ চুয়াডাঙ্গা পৌরসভা

লিফলেটটি পড়ে মাটিতে না ফেলে দিয়ে অন্যকে পড়ার সুযোগ দিন।

মোঃ ওবাইদুর রহমান চৌধুরী, মেয়র, চুয়াডাঙ্গা পৌরসভা।